

মুগ্ধত্ব

সিট বাণিজ্যের অভিযোগে জাবি ছাত্র ইউনিয়নকে চিঠি

জাবি প্রতিনিধি

১ ২৩ জুলাই ২০২৩, ২২:২৬:৪২ | অনলাইন সংস্করণ



সিট বাণিজ্যের সঙ্গে জড়িত থাকার অভিযোগে ছাত্র ইউনিয়ন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) সংসদকে চিঠি দিয়েছে কেন্দ্রীয় সংসদ। এছাড়া অভিযোগের বিষয়ে আগামী তিনি কার্যদিবসের মধ্যে যথোপযুক্ত কারণ ব্যাখ্যা করার নির্দেশ দেওয়া হয়েছে।

রোববার সকালে সংগঠনটির কেন্দ্রীয় কমিটির সহকারী সাধারণ সম্পাদক লাভলী হক স্বাক্ষরিত এক চিঠিতে এসব তথ্য জানানো হয়।

চিঠিতে বলা হয়- বেশ কিছুদিন যাবত জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সিট বাণিজ্যের সঙ্গে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংসদের নেতাকর্মীদের সম্পৃক্ততা লক্ষ্য করছি; যা অত্যন্ত দুঃখজনক ও সংগঠনের সাত দশকের লড়াইকে ক্ষুণ্ণ করার শামিল। তাই আগামী তিনি কার্যদিবসের মধ্যে অভিযোগের যথোপযুক্ত কারণ ব্যাখ্যা করার নির্দেশ দেওয়া হলো।



সাধারণ সম্পাদক অর্থত্য রায় বলেন, ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কমিটি দুভাগে বিভক্ত। যারা কারণ দর্শানোর নোটিশ দিয়েছে, তাদের সঙ্গে আমাদের সম্পর্ক নেই। তারা একটা ঝামেলা তৈরির জন্য উদ্দেশ্যপ্রণোদিতভাবে এগুলো করেছে। তবে এখনো ছাত্র ইউনিয়ন জাবি সংসদের কোনো প্রতিনিধিকে চিঠি পাঠানো হয়নি। আমরা অন্য মাধ্যমে চিঠি পেয়েছি।

ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় কমিটির সভাপতি দীপক শীল বলেন, সিট বাণিজ্যের সঙ্গে ছাত্র ইউনিয়নের কেউ জড়িত থাকা খুবই অস্বাভাবিক। আমরা বিশ্বাস করি অভিযোগটি সত্য নয়। তবে যেহেতু একটি অভিযোগ উঠেছে, আমরা বিষয়টি খতিয়ে দেখছি। যদি এমন কোনো ঘটনার সঙ্গে ছাত্র ইউনিয়নের কেউ জড়িত হয়। তাদের বিরুদ্ধে যথাযথ সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।

উল্লেখ্য, সম্প্রতি ছাত্র ইউনিয়নের জাবি সংসদের সাধারণ সম্পাদক অর্থত্য রায়ের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে ৪০টি সিট চাওয়ার অভিযোগ ওঠে। সে বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের স্বীকারোক্তিমূলক একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হয়।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023